দৈনিক জনকণ্ঠ

তারিখ: 26 MAR 2015
পৃষ্ঠা: ৩ কলাম: ৫

# স্কুল মনিটরিং ব্যবস্থা শক্তিশালী করতে গ্রামীণফোনের উদ্যোগ

বিদ্যমান স্কুল পর্যবেক্ষণ ব্যবস্থাকে ডিজিটাল করার মাধ্যমে শক্তিশালী করার লক্ষ্যে প্রাথমিক শিক্ষা অধিদফতর (ডিপিই) এবং সেভ দ্য চিলড্রেনের সঙ্গে হাত মিলিয়েছে গ্রামীণফোন। সেভ দ্য চিলড্রেন, ডিপিই'র মনিটিং এ্যান্ড ইভ্যালুয়েশন সেকশনের সহায়তায় একটি এন্ড্রয়েডভিত্তিক স্কুল মনিটরিং এ্যাপ্লিকেশন এবং ব্রাউজারভিত্তিক স্কুল ইন্সপেকশন ডাটা এ্যানালাইসিস ড্যাশবোর্ড তৈরি করেছে। এই উদ্যোগের উদ্দেশ্য হচ্ছে ডিজিটালাইজেশনের পাশাপাশি পদ্ধতিটি আরও দক্ষ এবং সাশ্রয়ী করা। উপজেলা শিক্ষা কর্মকর্তাদের অনলাইন রিপোর্ট প্রদানে সহায়তা করতে ট্যাব এবং ইন্টারনেট সংযোগ দেয়া হবে। পাইলট উদ্যোগের সফল সমাপ্তির পর ব্যবস্থাটি ডিপিই'র কাছে হস্তান্তর করা হবে এবং সারা দেশে বাস্তবায়ন করা হবে। প্রকল্প এলাকার উপজেলা শিক্ষা কর্মকর্তা এবং সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তাদের সঙ্গে এই ব্যবস্থাটির পরিচয় করিয়ে দিতে ২৪ এবং ২৫ মার্চ ২০১৫ তে মিরপুরের ইউসেপ কার্যালয়ে দুদিনব্যাপী একটি প্রশিক্ষণের আয়োজন করে সেভ দ্য চিলড্রেন। প্রশিক্ষণ শেষে গ্রামীণফোনের পরিচালক কমিউনিকেশনস মার্কাস এ্যাডাকটুসন পাইলটে ব্যবহারের জন্য প্রশিক্ষণার্থীদের হাতে ইন্টারনেট সংযোগসহ ৪০টি ট্যাব তুলে দেন। -বিজ্ঞপ্তি